

আইআইইউসি'র আলোচনা সভায় প্রফেসর ড. দেলাওয়ার হোসেন

বঙ্গবন্ধুর যাদুকরী নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন বলেছেন, বঙ্গবন্ধুর যাদুকরী নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছে। ৭১ সালে তাঁর নেতৃত্বে স্বাধীনতা অর্জনের মাধ্যমে আমরা বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াবার সুযোগ পেয়েছি। স্বাধীনতার এই স্থপতি এ দেশের চরম দুঃসময়ে জাতিকে ঐক্যবদ্ধ করেছিলেন।

আজ সকালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মবার্ষিকী উপলক্ষে আইআইইউসি আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন এ কথা বলেন। আইআইইউসি'র ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আইআইইউসি'র রেজিস্ট্রার কর্ণেল মোহাম্মদ কাসেম, পিএসসি (অবঃ), দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডীজ বিভাগের প্রধান প্রফেসর ড. শাফিউদ্দিন মাদানী, স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ডিভিশনের পরিচালক আ.জ.ম ওবায়দুল্লাহ, অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মাহফুজুর রহমান। অনুষ্ঠান উপস্থাপনা করেন অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মামুনুর রশীদ। বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা আবৃত্তি করেন সহকারী পরিচালক, জনসংযোগ, আইআইইউসি'র বিশিষ্ট আবৃত্তি শিল্পী মোসতাক খন্দকার।



ছবিঃ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন সম্মানিত প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন বলেন, বঙ্গবন্ধুর দেশপ্রেম এবং বলিষ্ঠ ব্যক্তিত্বের কারণে দেশের সার্বভৌমত্ব রক্ষিত হয়েছে। তিনি বলেন, বিশ্বের অনেক দেশের স্বাধীনতা যুদ্ধে মিত্র বাহিনী যুগযুগ ধরে নানা দেশ দখল করে রেখেছিল। কিন্তু বঙ্গবন্ধুর যুগান্তকারী সিদ্ধান্তে এবং পদক্ষেপে আমাদের দেশকে সেই দুর্ভাগ্য বরণ করতে হয়নি। ---- প্রেস বিজ্ঞপ্তি